

মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।


বিষয়ঃ ০৪-০৪-২০২১ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত করোনা মোকাবেলা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, বিএন।
তারিখ : ০৪-০৪-২০২১ খ্রিঃ।
সময় : ১০.০০ ঘটিকা।
স্থান : মবক'র সভা কক্ষ।

সভায় মবক'র সকল সদস্য, বিভাগীয় প্রধানগণ ও অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে ২৯ মে ২০২১ খ্রিঃ জারীকৃত প্রজ্ঞাপন এবং মন্ত্রিপরিষদ বিভাগ হতে ০৪ এপ্রিল ২০২১ তারিখে জারীকৃত পত্রের প্রেক্ষিতে দেশব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাব এবং ব্যাপক বিস্তার রোধকল্পে মবক এ কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের স্বাস্থ্যবিধি নিশ্চিতকরণের বিষয়ে সরকারি নির্দেশনাসমূহ আলোচনা করা হয় এবং সিদ্ধান্তগুলো যথাযথ বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক | আলোচ্য বিষয় | বাস্তবায়নে |
|--------|--|--|
| ১. | সভাপতি মহোদয় স্বাস্থ্যবিধি মেনে সরকার কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন ও আদেশ অনুসরণে প্রয়োজনীয় নির্দেশনা জারীর জন্য বলেন। | পরিচালক (প্রশাসন) |
| ২. | সকল বিভাগীয় প্রধানকে নিজ নিজ বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদের জারীকৃত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | সকল বিভাগীয়/কোষ প্রধান |
| ৩. | করোনা মোকাবেলার জন্য গুরুত্বপূর্ণ স্থানে করোনা রোধে সচেতনতামূলক পোস্টার/ব্যানার প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। | সচিব (বোওজস) এবং প্রধান চিকিৎসা কর্মকর্তা |
| ৪. | কোন অবস্থাতেই অনুমোদন ব্যতীত জনসমাবেশ করা যাবে না। | সকল বিভাগীয়/কোষ প্রধান |
| ৫. | অনুমোদন স্বাপেক্ষে সকল সভা স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব মেনে আয়োজন করতে হবে। | সকল বিভাগীয়/কোষ প্রধান |
| ৬. | কর্তৃপক্ষের অফিসসমূহে প্রবেশের ক্ষেত্রে "No Mask, No Entry" নির্দেশনা মেনে চলতে হবে। | সকল বিভাগীয়/কোষ প্রধান |
| ৭. | সকল স্থানে স্থাপিত বেসিনে প্রয়োজনীয় সাবান/হ্যান্ড ওয়াশের ব্যবস্থা করতে হবে। | প্রধান চিকিৎসা কর্মকর্তা |
| ৮. | বন্দর ভবনসহ সকল অফিসে দর্শনার্থী সীমিত করতে হবে। ভবনের নিচে নিয়োজিত নিরাপত্তা কর্মী প্রয়োজনে সংশ্লিষ্ট কর্মকর্তা/ব্যক্তির সাথে ইন্টারকম/মোবাইলে যোগাযোগ করে দর্শনার্থী প্রবেশের অনুমতি প্রদান করবে। | প্রধান নিরাপত্তা কর্মকর্তা |
| ৯. | সকল নিরাপত্তা গেইট ও পোস্টে নিরাপত্তা কর্মী কর্তৃক সকলের স্বাস্থ্যবিধি মেনে প্রবেশাধিকার নিশ্চিত করতে হবে। | প্রধান নিরাপত্তা কর্মকর্তা |
| ১০. | মবক'র মসজিদসমূহে নামাজ আদায়ের ক্ষেত্রে সামাজিক দূরত্ব বজায় রাখাসহ জায়নামাজ ও মাক্র ব্যবহার করতে হবে এবং মসজিদসমূহে করোনা সচেতনতা বিষয়ক বক্তব্য প্রচার করতে হবে। প্রত্যেক ওয়াক্তের আযান শেষে মসজিদে জায়নামাজ নিয়ে আসা ও মাক্র পরিধানের ঘোষণা দিতে হবে। | মসজিদ কমিটি |
| ১১. | পূর্বের করোনা কমিটি প্রয়োজনীয় সংশোধন করে পুনঃ বহাল করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ১২. | সকল সভা/দাপ্তরিক কাজ অন-লাইন, ইন্টারকম ও টেলিফোনের মাধ্যমে সম্পন্ন করার উদ্যোগ নিতে হবে। | সকল বিভাগীয়/কোষ প্রধান |
| ১৩. | করোনা সংক্রান্ত সকল ক্রয় কার্য মেডিকেল বিভাগ দ্বারা সম্পন্ন করতে হবে এবং এ সংক্রান্ত অর্থের সংকুলান দ্রুত সম্পন্ন করতে হবে। | প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা এবং প্রধান চিকিৎসা কর্মকর্তা |

সভাপতি সকলকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান এবং বর্তমান করোনা পরিস্থিতি মোকাবেলায় সরকার কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুসরণে গুরুত্ব আরোপ করেন। সভায় আর কোন আলোচ্য না থাকায় সকলকে স্বাস্থ্য বিধি মেনে চলার আহ্বান জানিয়ে সকলের সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, বিএন
চেয়ারম্যান

নং- ১৮.১৪.০১৫৮.১২৩.২০৭.২০২০-

৪ এপ্রিল ২০২১ খ্রিঃ।

বিতরণ : বিভাগ/কোষ/শাখা প্রধান:

..... মবক, মোংলা।

অনুলিপি:

- ১। সদস্য (), মবক, মোংলা।
২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মবক, মোংলা।

পরিচালক (প্রশাসন)